আপনার সন্তানের শিক্ষা, শারীরিক স্বাস্থ্য ও মানসিক বিকাশে একটি গঠনমূলক প্রতিষ্ঠান হিসেবে খিলগাঁও গভঃ কলোনি স্কুল এন্ড কলেজ দীর্ঘ ৫০ বছর ধরে সফলতার সাথে দায়িত্ব পালন করে যাচ্ছে।

## প্লে-দশম শ্রেণি পর্যন্ত সেশন ফি, ভর্তি, মাসিক বেতন ও অন্যান্য ফি সমূহ

| শ্রেণি | সেশন ফি | ভর্তি ফি | মাসিক বেতন | ব্যাজ, সিলেবাস ও ডায়েরী |
|---|---|---|---|---|
| প্লে - পঞ্চম | ২০০০/= | ১০০০/= | ৫০০/= | ৫০০/= |
| ৬ষ্ঠ - ৭ম | ২৫০০/= | ১০০০/= | ৬০০/= | ৫০০/= |
| ৮ম - দশম | ৩০০০/= | ১০০০/= | ৬০০/= | ৫০০/= |

## ইউনিফর্ম (প্রাথমিক)

### ছাত্র
- অফ হোয়াইট ফুল শার্ট /হাফ শার্ট
- এ্যাশ কালার প্যান্ট, কালো সু ও সাদা মোজা
- শীতকালীন পোশাক: নেভী ব্লু কালার সোয়েটার

### ছাত্রী (প্লে-২য় শ্রেণি)
- অফ হোয়াইট হাফ শার্ট, কালো সু ও সাদা মোজা
- এ্যাশ কালার (গাঢ়) বেবি স্কার্ট (হাটুর ২ আঙ্গুল নীচ পর্যন্ত)

### ৩য়-৫ম শ্রেণি
- সুরমা কালার বেবি ফ্রক, (হাটুর ২ আঙ্গুল নীচ পর্যন্ত)
- বেল্ট, সালোয়ার ও হিজাব (সাদা কালার)।
- শীতকালীন পোশাক: নেভী ব্লু কালার সোয়েটার

## ইউনিফর্ম (মাধ্যমিক)

### ছাত্র
- সাদা ফুল শার্ট /হাফ শার্ট
- নেভি ব্লু প্যান্ট, সাদা সু ও সাদা মোজা
- শীতকালীন পোশাক: নেভী ব্লু কালার সোয়েটার

### ছাত্রী
- এ্যাশ কালার (লাইট) কামিজ (হাটুর দুই আঙ্গুলের নীচ পর্যন্ত)
- সাদা কালার ক্রস বেল্ট, কালো সু ও সাদা মোজা
- সাদা কালার সালোয়ার ও (৭ফুটx৩ফুট) মাপের ওড়না
- শীতকালীন পোশাক: নেভী ব্লু কালার কার্ডিগান

## ফলাফল প্রকাশের প্রক্রিয়া
- প্রত্যেক সাময়িক পরীক্ষা শেষ হবার দিন থেকে ১০ কার্য দিবসের মধ্যে ফলাফল প্রকাশ করা হয় এবং পরীক্ষার খাতা ও রেজাল্ট কার্ড অভিভাবকের উপস্থিতিতে দেয়া হয়।
- C.T ও M.T পরীক্ষার খাতাসহ ফলাফল অভিভাবকদের কাছে প্রেরণ করা হয়।

## জাতীয় দিবস উদযাপন
- প্রতিটি জাতীয় দিবস যথাযথ মর্যাদায় স্বতঃস্ফূর্তভাবে পালন করা হয় এবং শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে।

## প্রাথমিক শিক্ষা সমাপনী (PEC) পরীক্ষার্থীদের জন্য বিশেষ প্রোগ্রাম
- প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সিলেবাস ও মানবন্টন অনুযায়ী lesson Plan এর মাধ্যমে কোর্স সমপন্ন করা হয়।
- গণিত ও ইংরেজী বিষয়ের ওপর বিশেষ ক্লাসের ব্যবস্থা।
- প্রতি বিষয়ের জন্য রিভিশনসহ পর্যাপ্ত ক্লাসের ব্যবস্থা।
- কোর্স সমপন্ন করার পর Model test & solve class এর মাধ্যমে খাতা প্রদান।

পড় তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন

**৫০** বছরের ঐতিহ্যবাহী আপনাদের প্রিয় শিক্ষা প্রতিষ্ঠান

# খিলগাঁও গভঃ কলোনি স্কুল এন্ড কলেজ

# KHILGAON GOVT COLONY SCHOOL & COLLEGE

প্লট # ৫৬০, ৫৬১, ৫৬২, ব্লক # সি, খিলগাঁও, ঢাকা-১২১৯
ফোন: ০১৬১১-৪৪৫৫৮৮, ০১৯২০৮১৬৩৭২ (মাধ্যমিক শাখা)
০১৮১৬-৫৩৮১১৯ (প্রাথমিক শাখা), ফোন: ০২ ৪৭২১০৯৯০
E-mail: kgchss108061@gmail.com, Web: www.kgchss.edu.bd

স্কুল কোড-১০৪৮

EIIN-108061



২০২৫ শিক্ষাবর্ষের

# ভর্তি নির্দেশিকা

আলোকিত মানুষ ও মানসম্মত শিক্ষাই আমাদের অঙ্গীকার

খিলগাঁও জোনের মধ্যে একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান




## অধ্যক্ষের বাণী

সুধী,

আস্সালামু আলাইকুম। খিলগাঁও গভঃ কলোনি স্কুল এন্ড কলেজ প্রতিষ্ঠালগ্ন থেকে সুনামের সহিত অদ্যাবধি শিক্ষায় বিশেষ অবদান রেখে আসছে। বিশেষ করে JSC ও SSC পরীক্ষায় ভাল ফলাফল অর্জন করছে। দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক এবং দক্ষ গভর্নিং বডির সমন্বয়ে প্রতিষ্ঠানটি পরিচালিত হচ্ছে। অত্র প্রতিষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষে প্লে-দশম শ্রেণি পর্যন্ত ভর্তি চলছে। (প্রভাতী শাখা: বালিকা, দিবা শাখা: বালক) প্রতিযোগিতামূলক এই বিশ্বে আমরা এক অদম্য প্রতিযোগী। যোগ্য প্রতিযোগী হয়ে এই পৃথিবীতে কেউ জন্মায়নি। তাই বলে, আমাদের জন্য নিরর্থক হতে পারে না। বৈরি এ পরিবেশের সাথে লড়াই করে টিকে থাকাই জীবনের প্রকৃত স্বার্থকতা। জীবনের উদ্দেশ্য ও তাৎপর্য অনেক বিস্তৃত, অনেক মহৎ। জীবনকে স্বার্থক ও সফল করার নিমিত্তে আমাদের রয়েছে সোনালি অতীতের সুদীর্ঘ ৫০ বছরের গৌরবোজ্জ্বল ইতিহাস এবং সুন্দর ভবিষ্যৎ বিনির্মানের দৃঢ় প্রত্যয়। আমরা তোমাদেরকে আলোকিত মানুষ ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে প্রতিজ্ঞাবদ্ধ। তোমাদেরকে আদর্শ মানুষ রূপে গড়ার নিত্য-নতুন পন্থা নিয়েই চলছে আমাদের নিরন্তর প্রচেষ্টা। কাটছে বিনিদ্র রজনী, ভাবছি অগণন স্বপ্ন সম্ভাবনাময় তোমাদের নতুন মুখ নিয়ে। শুধু ফাঁকা বুলিও রঙ্গিন ফানুসে প্রচার নয়, প্রকৃত ও সময়োপযোগী শিক্ষাদানের মাধ্যমেই আমরা তোমাদের গড়ে তুলবো-ইনশাআল্লাহ্।

**মোহাম্মদ বোরহান উদ্দিন**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
খিলগাঁও গভঃ কলোনি স্কুল এন্ড কলেজ

## প্রতিষ্ঠান পরিচিতি

আদর্শ শিক্ষায় আলোকিত মানুষ গড়ার অঙ্গীকার নিয়ে ১ জানুয়ারি ১৯৭৪ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। ঢাকা শহরের প্রাণকেন্দ্রে খিলগাঁও খিদমাহ্ হাসপাতালের পশ্চিমপাশে ও মালিবাগ বাজারের পূর্ব দিক এবং আনসার ও ভিডিপি সদর দপ্তরের মেইন গেট (দক্ষিণ) সংলগ্ন মনোরম পরিবেশে দাঁড়িয়ে আছে খিলগাঁও গভঃ কলোনি স্কুল এন্ড কলেজ। সার্বিক নিরাপত্তা ও সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত শ্রেণি কক্ষ। ২০১৪ সালে অত্র শিক্ষা প্রতিষ্ঠানটি কলেজ শাখায় উন্নীত হয়। বর্তমানে প্রতিষ্ঠানটির মোট শিক্ষার্থীর সংখ্যা ২০০০ জন।

## প্রতিষ্ঠানের পরিবেশ

- আধুনিক ও মনোরম শ্রেণিকক্ষ
- উন্নত ও সমৃদ্ধ পাঠাগার
- উন্নতমানের টয়লেট ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা
- আধুনিক বিজ্ঞানাগার ও সু-সজ্জিত কম্পিউটার ল্যাব
- মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে পাঠদান
- রাজনীতি ও ধূমপান মুক্ত
- শিক্ষক ও শিক্ষার্থীদের পৃথক কমনরুম
- শিক্ষক ও শিক্ষার্থীদের নামাজের সু-ব্যবস্থা


বিজ্ঞানাগারে অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ


সুসজ্জিত কম্পিউটার ল্যাব


অ্যাসেম্বলিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ



আন্তঃ স্কুল টুর্নামেন্টের পূর্বে ফটোসেশন


শিক্ষক মিলনায়েতন (প্রভাতি শাখা)


শিক্ষক মিলনায়েতন (দিবা শাখা)

## প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যসমূহ

- ধর্মীয় ভাবগাম্ভীর্য ও মূল্যবোধে উদ্বুদ্ধ করে প্রত্যেক শিক্ষার্থীকে সু-শিক্ষিত ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার প্রয়াসই আমাদের লক্ষ্য।
- নিয়মিত শ্রেণি পরীক্ষা, মাসিক পরীক্ষা ও টিউটোরিয়াল পরীক্ষার ব্যবস্থা।
- পাঠ্যসূচি, পরীক্ষা ও ছুটির তালিকাসহ একাডেমিক ক্যালেন্ডার নিখুঁতভাবে অনুসরণ।
- মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে পাঠদান।
- প্রত্যেক শিক্ষার্থীকে Guide Teacher-এর মাধ্যমে পর্যবেক্ষণ ও সংশোধনের ব্যবস্থা গ্রহণ।
- শিক্ষার্থীদের ভাল ফলাফলের জন্য অতিরিক্ত অনুশীলন ক্লাশের ব্যবস্থা।
- শিক্ষার্থীদের পাঠ মূল্যায়নের ব্যবস্থা ও প্রতিদিনের পড়া প্রতিদিন আদায়।
- মেধাবী ও গরীব শিক্ষার্থীদের জন্য বিশেষ আর্থিক সুবিধা প্রদান।
- শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের প্রশিক্ষণ ও ইন-হাউজ ট্রেনিং এর ব্যবস্থা।
- ডায়েরীর মাধ্যমে প্রতিদিন পাঠদান সম্পর্কে অভিভাবকদের অবহিত করা হয়।
- বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, শিক্ষা সফর ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা।
- দুর্বল শিক্ষার্থীদের জন্য রয়েছে অতিরিক্ত অনুশীলন ক্লাস-এর ব্যবস্থা।
- শিক্ষক, অভিভাবক ও কমিটির সমন্বয়ে তিন মাস অন্তর অন্তর মত বিনিময় সভা করা হয়।

## ভর্তির সংক্রান্ত তথ্য

- সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ৩ কপি ছবি।
- জন্ম সনদের ১ কপি ফটোকপি।
- পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।